দৈনিক ইনকিলাব

তারিখ 11 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

008

# শিক্ষাঙ্গন

## প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে সংকট

মৌলভীবাজার জেলার প্রাথমিক শিক্ষা অফিসগুলোতে কর্মকর্তা স্বল্পতা এবং বিদ্যালয়গুলোতে প্রয়োজনীয় শিক্ষকের অভাবের কারণে জেলার প্রাথমিক শিক্ষা, প্রশাসনিক কাজ এবং ছাত্র-ছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

মৌলবীবাজার জেলার বড়লেখা উপজেলায় প্রাথমিক শিক্ষা কর্মকর্তার পদ দীর্ঘদিন যাবত শূন্য। দীর্ঘদিন যাবত জেলার ২১ জন সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তার পদও খালি পড়ে আছে। এছাড়া জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ৮৫ জন শিক্ষকের পদও দীর্ঘদিন ধরে পূরণ করা হচ্ছে না।

অফিস সূত্রে জানা যায়, প্রতি ২০টি প্রাথমিক বিদ্যালয়ের জন্য ১ জন সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা হিসেবে মোট ৩৫টি পদ রয়েছে, তন্মধ্যে মাত্র ১৪ জন কর্মরত আছেন, বাকী ২১টি পদই খালি। অন্যদিকে মৌলভীবাজার জেলার ৬৯০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৮৫ জন শিক্ষকের পদও দীর্ঘদিন ধরে শূন্য। সমগ্র জেলায় ছাত্র-ছাত্রীর সংখ্যা ১ লাখ ৬২ হাজার ২শ' ৫০ জন।

নিয়মানুযায়ী প্রতি ৫০ জন ছাত্র-ছাত্রীর জন্য ১ জন করে শিক্ষক হিসেবে ৩ হাজার ২শ' ৪৫ জন শিক্ষক থাকার কথা। কিন্তু বর্তমানে পদই আছে মাত্র ২ হাজার ১শ' ৯১টি। এর মধ্যে আবার ৮৫টি পদ শূন্য পড়ে আছে।

মৌলভীবাজার জেলায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থার এ অব্যবস্থার কারণে শিক্ষা অফিসগুলোতে যেমন কাজকর্ম ব্যাহত হচ্ছে, তেমনি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণও দুর্ভোগ পোহাচ্ছেন। শিক্ষক স্বল্পতার কারণে জেলার প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রীরাও সঠিক শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। জেলায় সুষ্ঠু শিক্ষার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ ভূমিকা নেবেন বলে অভিজ্ঞ মহল আশা করছেন।

—নূরুল ইসলাম শেফুল